হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩১ ঃ মেহেরপুর- মঙ্গলবার ২ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১৮ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ৮ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সৃজিতের সঙ্গে অভিজ্ঞতা খুবই খারাপ : বাঁধন -পৃষ্ঠা-৩

## আজ আরও ৭ দলের সঙ্গে বৈঠক করবেন প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস আজ মঙ্গলবার আরও সাতটি রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করবেন। বিকেল ৫টায় যমুনায় এ বৈঠক অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার (১ সেপ্টেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে।

প্রেস উইং জানিয়েছে, আগামীকাল আরও সাতটি রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করবেন প্রধান উপদেষ্টা। বিকেল ৫টায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুন-য় এ বৈঠক অনুষ্ঠিত হবে। তবে কোন কোন দলের সঙ্গে এ বৈঠক অনুষ্ঠিত হবে তা জানানো হয়নি। এর আগে, রোববার বিএনপি, জামায়াত ও এনসিপির সঙ্গে প্রধান উপদেষ্টার বৈঠক অনুষ্ঠিত হয়। আলাদা আলাদা বৈঠকে প্রধান উপদেষ্টা দলগুলোকে আশ্বস্ত করে বলেন, আগামী ফেব্রুয়ারির মাঝামাঝিই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে।





# বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন মেহেরপুরে বর্ণাঢ্য র‍্যালি ও সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

জাতীয়তাবাদী দল বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে সমাবেশ ও বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়েছে। গতকাল সোমবার (১লা সেপ্টেম্বর) বিকেল সাড়ে পাঁচটার দিকে মেহেরপুরে কলেজ মোড় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ওয়াপদা মোড়ে এসে শেষ হয়। র‍্যালিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। এর আগে মেহেরপুর কলেজ মোড়ে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "দীর্ঘদিনের বাকশাল বাংলাদেশ থেকে চলে গিয়েছে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কারণে। বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আমাদের শপথ নিতে হবে, বাংলাদেশে আর কখনো ফ্যাসিবাদের জন্ম হবে না। বাংলাদেশ থেকে মুজিববাদকে চিরতরে ধ্বংস করতে হবে।" তিনি আরও বলেন, "১/১১-এর কুশীলবদের বিচার এদেশে করতেই হবে। ২০০৭ সালে যারা বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাজনীতি থেকে সরিয়ে বিএনপিকে বাদ দিয়ে নতুন দল গঠনের ষড়যন্ত্র করেছিল, তাদের বিচার বাংলার মাটিতে হবেই। স্বৈরাচার ও ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াইয়ের ইতিহাস বিএনপি বারবার প্রমাণ করেছে।" অন্যদের মধ্যে বক্তব্য দেন সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মাহমুদ, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলহাজ উদ্দিন কালু এবং মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, ওমর ফারুক লিটন, রোমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন

# ফেনসিডিল রাখার দায়ে ৪ জনের যাবজ্জীবন

নিজস্ব প্রতিবেদক

ফেনসিডিল রাখার দায়ে ৪ জনের যাবজ্জীবন কারাদণ্ড ও প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো একবছর কারাদণ্ডাদেশ দেয়া হয়েছে। গতকাল সোমবার দুপুরে মেহেরপুরের সিনিয়র জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এস এম নাসিম রেজা এ রায় প্রদান করেন।

দণ্ডপ্রাপ্তরা হচ্ছেড় গাংনী উপজেলার করমদি মধ্যপাড়া গ্রামের মোখলেছ আলীর ছেলে জুয়েল, একই গ্রামের সাবেদ আলীর ছেলে স্বপন আলী, আইয়ুব আলীর ছেলে আবেদ এবং জামিরুলের ছেলে টিপু। এদের মধ্যে জুয়েল পলাতক রয়েছে। মামলার বিবরনে জানা যায়, ২০১৯ সালের ৬ সেপ্টেম্বর মেহেরপুর কুষ্টিয়া সড়কের আকবপুর নামক স্থানে একটি ট্রাক (যার নংড় কুষ্টিয়াড়ট্টড়১১ড় ২০০৯) তল্লাশি চালিয়ে ৪৬০ বোতল ফেন্সিটির উদ্ধার করে গাংনী থানা পুলিশ। এসময় স্বপন, আবেদ আলী এবং টিপুকে আটক করা হলেও পালিয়ে যায় পাচারকারী জুয়েল। এই ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ১৪(গ)/৩৮/৪১ ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। যার মামলা নং ৫, তাং ০৬/০৯/২০১৯ এবং জি আর মামলা নং ২০৩/১৯। মামলা তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এস আই আব্দুল হান্নান তদন্ত শেষে আদালতের চার্জশিট প্রদান করেন। মামলায় মোট ৮ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। বাদী বিবাদীদের আইনজীবীর যুক্তিতর্ক ও স্বাক্ষিদের স্বাক্ষ্যে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় বিজ্ঞ আদালত আসামী স্বপন আলী, আবেদ আলী, জুয়েল হোসেন এবং টিপু মিয়াকে



যাবজ্জীবন কারাদণ্ড, প্রত্যেককে ৫০ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে আরো ১ বছরের কারাদন্ডাদেশ দেন। জুয়েল হোসেন পলাতক থাকায় তার আটকের দিন থেকে সাজা শুরু হবে। মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর এ এস এম সাইদুর রাজ্জাক এবং আসামী পক্ষে

২-এর পৃষ্ঠা দেখুন



## নবাগত জেলা প্রশাসকের অটিস্টিক বিদ্যালয় পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম সোমবার সকালে মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয় পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে তিনি বিদ্যালয়ের শিশুদের সঙ্গে সময় কাটান, শিক্ষকদের সঙ্গে মতবিনিময় করেন এবং বিদ্যালয়ের


২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে দোকানে চুরি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের ওয়াপদা সড়কের একটি দোকানে চুরি সংঘটিত হয়েছে। রবিবার (৩১ আগস্ট) দিবাগত রাতের কোন এক সময় সংঘবদ্ধ চোরের দল এ ঘটনা ঘটায়। স্থানীয় সূত্রে জানা যায়, শহরের ওয়াপদা সড়কের প্রান্তিক সিনেমা হল পাড়ার ক্যাফে গার্ডেনের পিছনের দিকে দোকানটির টিন কেটে চোরেরা ভেতরে প্রবেশ করে। এ সময় তারা নগদ প্রায় ৪ হাজার টাকা ও বিভিন্ন মালামাল নিয়ে যায়। চোরেরা যাওয়ার আগে

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে যৌথ বাহিনীর অভিযানে পিস্তল ম্যাগজিন ও গুলিসহ আটক-১

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে পিস্তল ম্যাগজিন ও গুলি সহ আজিজুল হক,ডাকু (৫০) নামের একজনকে আটক করেছে যৌথ বাহিনী। আজ সোমবার ভোরে পৌরসভার চৌগাছা (ভিটা পাড়া) নিজ বাড়ি থেকে তাকে আটক করে। আটককৃত আজিজুল হক, ডাকু চৌগাছা (ভিটা পাড়া) মৃত

২-এর পৃষ্ঠা দেখুন

## ক্ষমতায় গেলে দেশের আমূল পরিবর্তনের ঘোষণা বিএনপির

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি ক্ষমতায় গেলে দেশের রাজনীতি ও অর্থনীতিতে আমূল পরিবর্তন আনা হবে বলে জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, "৩১ দফা কর্মসূচির মধ্য দিয়ে আমরা একটি সম্পূর্ণ আমূল পরিবর্তনের রূপরেখা তৈরি করেছি। জনগণের সমর্থনে বিএনপি রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে রাজনৈতিক ও অর্থনৈতিক উভয় ক্ষেত্রেই পরিবর্তন ঘটবে এবং বাংলাদেশ সামনে এগিয়ে যাবে।"

সোমবার সকালে দলটির ৪৭তম

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে বিএনপি নেতা গ্রেফতারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ৪ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা ডাকুকে অস্ত্রসহ গ্রেফতারের ঘটনায় 'নাটক সাজানোর' অভিযোগ তুলেছেন স্থানীয় বিএনপি নেতারা। গতকাল রবিবার (১ সেপ্টেম্বর) দুপুরে গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে নবাগত জেলা প্রশাসকের সাথে মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সাথে কর্মকর্তা-কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। এ সময় তিনি সরকারি দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের আহ্বান জানান। সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, নাজির আফতাব আলী খান, প্রশাসনিক কর্মকর্তা আব্দুল হামিদ, উপ-প্রশাসনিক কর্মকর্তা জহির উদ্দিন ও সাজেদুর রহমান। এছাড়া সভায় সদর উপজেলা নির্বাহী অফিসার মো.

২-এর পৃষ্ঠা দেখুন

## নারী বিশ্বকাপ ক্রিকেটে পুরুষদের চেয়ে বেশি প্রাইজমানি, আইসিসির 'ঐতিহাসিক ঘোষণা'

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) এবার নারীদের ওয়ানডে বিশ্বকাপে পুরুষদের আসরের চেয়ে বেশি অর্থ পুরস্কার ঘোষণা করেছে। মোট প্রাইজমানি নির্ধারণ করা হয়েছে ১৩.৮৮ মিলিয়ন ডলার, যা ২০২২ সালের ৩.৫ মিলিয়ন ডলারের চেয়ে প্রায় চারগুণ বেশি। এই অঙ্ক পুরুষদের সর্বশেষ বিশ্বকাপের ১০ মিলিয়ন ডলারকেও ছাড়িয়ে গেছে। আইসিসি এই সিদ্ধান্তকে নারীদের ক্রিকেটে এক 'ঐতিহাসিক মাইলফলক' হিসেবে অভিহিত করেছে। আইসিসি চেয়ারম্যান জয় শাহ বলেন, "নারীদের ক্রিকেটের জন্য এটি এক ঐতিহাসিক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের রাজনাগর ও যুগিন্দা গ্রামে সোমবার বিকেল ৫টার দিকে গণসংযোগ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখা। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের পদপ্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি ছিলেন জেলা নায়েবে আমির মাওলানা মাহাবুব উল আলম। গণসংযোগে আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা, উপজেলা সেক্রেটারি

২-এর পৃষ্ঠা দেখুন

## পাকিস্তানে হেলিকপ্টার দুর্ঘটনায় নিহত ৫

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানে আবারও হেলিকপ্টার দুর্ঘটনা ঘটেছে। দেশটির উত্তরাঞ্চলীয় দিয়ামার জেলায় একটি সরকারি হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে দুই পাইলট ও তিন টেকনিশিয়ানসহ মোট পাঁচজন নিহত হয়েছেন। সোমবার (১ সেপ্টেম্বর) স্থানীয় সময় সকাল ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে। খবর: এএফপি। দিয়ামার জেলার জ্যেষ্ঠ পুলিশ কর্মকর্তা আব্দুল হামিদ জানান, গিলগিট-বালতিস্তান সরকারের মালিকানাধীন হেলিকপ্টারটি পাহাড়ি পর্যটন এলাকায় নতুন প্রস্তাবিত হেলিপ্যাডে পরীক্ষামূলক অবতরণের সময় দুর্ঘটনায় পড়ে। এতে ঘটনাস্থলেই পাঁচজনের মৃত্যু হয়।

২-এর পৃষ্ঠা দেখুন



## ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ে দুই নতুন শিক্ষক যোগদান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া (কসবা) মাধ্যমিক বিদ্যালয়ে দুইজন নবনিযুক্ত সহকারী শিক্ষক যোগদান করেছেন। সোমবার বিদ্যালয় প্রাঙ্গণে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে তাদের বরণ করা হয়। নতুন যোগদানকারী হলেনড় মো. সোহেল রানা (ভৌত বিজ্ঞান) ও মো. হাছিবুল ইসলাম ফয়সাল (শারীরিক শিক্ষা)। অনুষ্ঠানে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আকরামুল হক স্বপন, প্রধান শিক্ষক হাসানুজ্জামান (লুড়ু), সহকারী

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (কচু চাষে লোকেশনে কৃষকরা)

কচু যেন কিসে খায়
আমরা সবাই জানি
মিথ্যা হলেও সত্যি কথা
সবাই আমরা মানি।
কচুর চাষে কৃষকেরা
আমরা সবাই খাই
আকাল যুগের মাঝেও আমরা
সস্তা দরে পাই।
কচু চাষে কৃষক শার্ট
টাকার লোভ করে
চাষ করে কৃষক এখন
হাই হুতাশে মরে।
রপ্তানি খাত বাড়াতে হবে
আমদানি হবে বন্ধ
তবে চাষীশান্তি পাবে
পাবে লাভের গন্ধ।




## হোমিওপ্যাথিক চিকিৎসকদের মানববন্ধন

কুস্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার ভেড়ামারায় হোমিওপ্যাথিক চিকিৎসকদের বিরুদ্ধে বিএমডিসির অপপ্রচারের প্রতিবাদে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। সোমবার ভেড়ামারা প্রেস ক্লাবের সামনে হোমিওপ্যাথিক চিকিৎসক সমাজ কল্যাণ সংস্থা ও আবুল কাশেম হোমিওপ্যাথিক

২-এর পৃষ্ঠা দেখুন

### ভারতে পালানোর চেষ্টা

## চুয়াডাঙ্গায় গ্রেপ্তার সাবেক এমপি শিখরের ভাই

চুয়াডাঙ্গা প্রতিনিধি



মাগুরা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান হিসাম (৪৫) চুয়াডাঙ্গায় গ্রেপ্তার হয়েছেন। সোমবার ভোর ৫টার দিকে শহরের রেলস্টেশনের সামনে থেকে তাকে গ্রেপ্তার করে চুয়াডাঙ্গা সদর থানা-পুলিশ। তিনি মাগুরা-১ আসনে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য অ্যাডভোকেট সাইফুজ্জামান শিখরের ছোট ভাই। আজ বিকেলেই তাকে গ্রেপ্তার দেখিয়ে মাগুরা আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। চুয়াডাঙ্গা সদর থানা-পুলিশের একটি সূত্র জানায়, আশরাফুজ্জামান হিসাম জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা জয়নগর চেকপোস্ট দিয়ে ভারতে পালানোর চেষ্টা করছিলেন। সেই উদ্দেশ্যে চুয়াডাঙ্গা রেলওয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ আমাদের সূর্যোদয় এখন

পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন

প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন

www. amadersurjodoy.com

আমাদের সূর্যোদয়

প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ১৮ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ২ সেপ্টেম্বর ২০২৫ইং

### মেহেরপুরে শিশু-কিশোরদের মোবাইল আসক্তি

## স্বাস্থ্য ও পড়াশোনার বড় হুমকি



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে শিশু-কিশোরদের মধ্যে স্মার্টফোন আসক্তি এখন চরম পর্যায়ে পৌঁছেছে। চিকিৎসক, শিক্ষক ও অভিভাবকরা সতর্ক করছেন, অতিরিক্ত মোবাইল ব্যবহার শুধু শিক্ষার ওপর নেতিবাচক প্রভাব ফেলছে না, বরং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্যও বিপজ্জনক। তাদের মতে, মোবাইল আসক্তি নিয়ন্ত্রণ না করলে ভবিষ্যতে এই শিশু-কিশোররা জাতির জন্য বোঝা হয়ে উঠতে পারে।মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণির এক ছাত্রীর মা রোকসোনা হাবিবা জানান, তার মেয়ে শুয়ে শুয়ে সারাক্ষণ মোবাইল ফোন ব্যবহার করত। এ কারণে মেয়ের চোখের মনি বাঁকা হয়ে যাচ্ছিল। পরে চিকিৎসকের পরামর্শে অপারেশন করে চোখের সমস্যা সমাধান করা সম্ভব হলেও মেয়েকে পুরোপুরি মোবাইল থেকে দূরে রাখা সম্ভব হয়নি। অভিভাবকদের সঙ্গে কথা বলে জানা যায়, যেসব শিশু-মোবাইলে আসক্ত, তাদের কাছে ফোন নেওয়া মাত্রই উত্তেজিত হয়ে পড়ে।

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শরীরে ঘুমের ঘাটতি জানান দেয় যেসব লক্ষণ

সূর্যোদয় প্রতিবেদন

ঘুম আমাদের জীবনের জন্য খাবার খাওয়ার মতোই গুরুত্বপূর্ণ। একটি মোবাইল ফোন যেমন চার্জ দিলেই ব্যবহার করা যায় নিয়মিত, ঘুমও তেমন আমাদের প্রতিদিনের কাজ করতে তৈরি করে দেয়। শরীরে ঘুমের ঘাটতি হলে তার প্রভাব পড়ে প্রতিদিনের সব ধরনের কাজে। আর এতে করে শরীর দুর্বল হয়ে পড়বে, ক্রনিক সমস্যা দেখা দেবে। ঘুম আমাদের সু-স্বাস্থ্যের জন্য প্রয়োজনীয় এবং এর ঘাটতি থাকলেই সমস্যা শুরু হবে। সাধারণত আমাদের শরীরের ঘুম এবং জাগার নির্দিষ্ট একটা নিয়ম থাকে। বিশেষজ্ঞরা বলেন, পুরো দিনে মানে ২৪ ঘণ্টায় একবার অন্তত আমাদের ঘুমাতেই হবে। মস্তিষ্ককে সুস্থ ও কর্মক্ষম রাখার জন্য প্রতিদিন শরীরকে প্রয়োজনীয় ঘুমের অবসর দিতেই হবে। নয়তো দিনের বেলা ঘুম পাবে, ক্লান্তিবোধ গ্রাস করবে, কোনো কাজে উৎসাহ পাবেন না। গাড়ি চালানো বা মনঃসংযোগ করে কোনো কাজ করার ক্ষেত্রেও সমস্যা হবে। সূর্যাস্তের পর যত বেশি সময় আপনি উজ্জ্বল

৩-এর পৃষ্ঠা দেখুন

## ৭০ বছর ধরে খারাপ সড়ক ভ্যানেই চলে ডেলিভারি

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার নন্দলালপুর ইউনিয়নের সোঁপুকুরিয়া গ্রামের বাসিন্দারা দীর্ঘ ৭০ বছর ধরে খারাপ সড়কের কষ্টের বর্ণনা দিয়েছেন। সড়কটি এমন অবস্থা যে, ভ্যানের ওপরেই পণ্য ও জিনিসপত্রের ডেলিভারি করতে হয়। শহিদুল ইসলামের স্ত্রী ফিরোজা খাতুন (৫০) বলেন, "ভোটের সময় মেম্বার-চেয়ারম্যানরা প্রতিশ্রুতি দেন, রাস্তা করে দেব। কিন্তু ভোটের পরে আর খোঁজ নেয় না। গাড়িঘোড়া উল্টে যাচ্ছে। অ্যাক্সিডেন্ট ঘটছে। মানুষ কত কষ্ট করে যাতায়াত করছে।" শহিদুল ইসলাম জানান, "৭০ বছর ধরে রাস্তা খারাপ। কোথাও পাড় ভাঙা, কোথাও গর্ত। বৃষ্টি হলে চলাই যায় না। রোগী, ছাওয়াল সবই কষ্টে পড়ে। রাস্তাটি পাকাকরণ করা হলে খুব উপকার হতো।"



স্থানীয়দের ভাষ্যমতে, সড়কটি সোঁপুকুরিয়া মসজিদ মোড় থেকে কাশেমের বাড়ি পর্যন্ত প্রায় এক কিলোমিটার দৈর্ঘ্যজুড়ে বিস্তৃত। এর দুই পাশে কয়েকশ পরিবারের বসবাস। গত ২০ বছর আগে এক চেয়ারম্যান ইট দিয়ে হেরিং বোন বন্ড (এইচবিবি) করেছিলেন, কিন্তু সংস্কারের অভাবে সড়কটি এখনও খানাখন্দে ভরা এবং কিছু অংশ ভেঙে গেছে। সড়কের খারাপ অবস্থার কারণে ভ্যান ছাড়া অন্যান্য যানবাহন, বিশেষ করে অ্যাম্বুলেন্স, চলাচল করতে চায় না। এতে গ্রামবাসীর দৈনন্দিন জীবন অতিষ্ঠ হয়ে পড়েছে। প্রতিবাদী মানববন্ধনে অংশ নেওয়া আবুল প্রামাণিক বলেন, "ভোটের সময়

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত ৪

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে সোমবার (১ সেপ্টেম্বর) রাতে বিএনপির দু'গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। পুলিশ ও স্থানীয়রা জানায়, শহরে বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন শেষে নেতাকর্মীরা আমঝুপিতে ফিরছিলেন। এ সময় সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের অনুসারীরা সাংগঠনিক সম্পাদক ওমর ফারুকের অনুসারীদের লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করলে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। সংঘর্ষে উভয় গ্রুপের চারজন আহত হন। আহতরা হলেন: মোস্তাক রাজা (৩৫), কবির (৩০), আরিফুল ইসলাম (৫৫) ও লিজন (৪৫)। তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি

৩-এর পৃষ্ঠা দেখুন

## হঠাৎ মৃদু তাপপ্রবাহ, ভ্যাপসা গরমে জনজীবনে অস্বস্তি

চুয়াডাঙ্গা প্রতিনিধি

হঠাৎ করেই মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সীমান্তবর্তী জেলা চুয়াডাঙ্গায়। এতে ভ্যাপসা গরমে অস্বস্তিতে পড়েছে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। গতকাল সোমবার (১ সেপ্টম্বর) বেলা ৩টার চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসের আর্দ্রতা ছিল ৬৫ শতাংশ। চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার সূত্রে জানা গেছে, গত ২৩ জুলাই চুয়াডাঙ্গায় সর্বোচ্চ ৩৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল। এতে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছিল। এরপর থেকে তাপমাত্রা ওঠানামা করলেও ৩৬ ডিগ্রির উপরে ওঠেনি। তবে ৪০ দিন পর আজ সোমবার জেলায় ৩৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হলো। এদিকে, হঠাৎ রোদের তাপ ও ভ্যাপসা গরমে গরম পড়ায় ভোগান্তিতে পড়েছেন খেটে খাওয়া শ্রমিকরা। শহরের একজন ইজিবাইকচালক ঢাকা পোস্টকে বলেন, অনেক দিন পর আজ রোদের তীব্রতা ছিল অনেক। ভ্যাপসা গরম পড়ছে।



আকাশ হক নামের এক চা দোকানি ঢাকা পোস্টকে বলেন, ভ্যাপসা গরম পড়ছে। অনেকদিন গরম বোঝা যায়নি। তবে আজ লোডশেডিংও হচ্ছে বারবার। চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের কর্তব্যরত পর্যবেক্ষক তাহমিনা

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষকী পালন

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি'র ৪৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নানা কর্মসূচি পালন করেছে। দিবসটি উপলক্ষে আজ সোমবার সকালে সাহিত্য পরিষদ চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর বেলা ১১ টায় একই স্থান থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহর প্রদিক্ষণ করে এ্কই স্থানে

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাষ্ট্র কোনো দল বা ব্যক্তিকে সমর্থন করে না: মার্কিন ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকায় নিযুক্ত মার্কিন দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ট্র্যাসি অ্যান জ্যাকবসন জানিয়েছেন, যুক্তরাষ্ট্র বাংলাদেশের কোনো রাজনৈতিক দল বা ব্যক্তিকে সমর্থন করে না। তিনি বলেন, "আমরা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার ও প্রধান নির্বাচন কমিশনারের নেতৃত্বাধীন কমিশনের কাজকে সমর্থন করি, যারা আগামী বছরের শুরুতে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের রোডম্যাপ প্রণয়নে কাজ করছেন। তবে কোনো নির্দিষ্ট ফলাফলকে আমরা সমর্থন করি না। এটি বাংলাদেশের জনগণের

৩-এর পৃষ্ঠা দেখুন



## নুরের শারীরিক অবস্থার উন্নতি আইসিইউ থেকে কেবিনে

সূর্যোদয় প্রতিবেদন

গণ অধিকার পরিষদের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক ভিপি নুরুল হক নুরের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) থেকে কেবিনে স্থানান্তর করা

৩-এর পৃষ্ঠা দেখুন

## সর্বশক্তি দিয়ে সুন্দর নির্বাচন আয়োজনের প্রত্যয় সিইসির

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সর্বশক্তি দিয়ে সুষ্ঠু ও সুন্দর নির্বাচন আয়োজনের প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দীন। তিনি বলেন, "আমরা সম্পূর্ণ স্বাধীনভাবে, কারো কোনো

৩-এর পৃষ্ঠা দেখুন

## মব সংস্কৃতির অবসান ঘটাতে হবে- তারেক রহমান

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেশের সব স্তরের নেতাকর্মী, শুভানুধ্যায়ী ও জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশের চলমান মব সংস্কৃতির অবসান ঘটানোর গুরুত্বের উপর জোর দিয়েছেন। নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি বলেন, "জাতীয়তাবাদী আদর্শের সঙ্গে জনগণকে একত্রিত করার লক্ষ্যে মহান স্বাধীনতার ঘোষক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান ১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর বাংলাদেশ

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## হৃদরোগ শনাক্তে এআই স্টেথোস্কোপ

সূর্যোদয় প্রতিবেদন

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) চালিত এক নতুন ধরনের স্টেথোস্কোপ মাত্র কয়েক সেকেন্ডের মধ্যে তিন ধরনের ভিন্ন হৃদরোগ শনাক্ত করতে সক্ষম বলে দাবি করেছেন গবেষকরা। ১৮১৬ সালে আবিষ্কৃত প্রথম স্টেথোস্কোপ চিকিৎসকদের শুধু হার্টের শব্দ শুনে রোগ নির্ণয়ে সহায়তা করত। আর এই দুই শতকেরও বেশি সময় পর ব্রিটিশ গবেষকরা আধুনিক সংস্করণের মাধ্যমে আবিষ্কার করেছেন এক যুগান্তকারী ডিভাইস, যা দ্রুত শনাক্ত করতে পারে হার্ট ফেইলিউর, ভাল্বের সমস্যা এবং অস্বাভাবিক হৃদস্পন্দন। গবেষকরা জানিয়েছেন, স্টেথোস্কোপটির বুকের অংশের পরিবর্তে তাসের মতো আকারের এক ছোট ডিভাইস ব্যবহার করা হয়েছে। এটি মাইক্রোফোনের মাধ্যমে হৃদস্পন্দন ও রক্তপ্রবাহের সূক্ষ্ম পার্থক্য রেকর্ড করে, যা মানুষের কানে ধরা সম্ভব নয়। ডিভাইসটি একসঙ্গে ইসিজি ডেটা সংগ্রহ করে ক্লাউডে পাঠায়, যেখানে এআই তা বিশ্লেষণ করে। লন্ডনের ইমপেরিয়াল কলেজ ও ইমপেরিয়াল কলেজ হেলথকেয়ার এনএইচএস ট্রাস্ট পরিচালিত গবেষণায় যুক্তরাষ্ট্রভিত্তিক কোম্পানি ইকো হেলথ-এর তৈরি



৩-এর পৃষ্ঠা দেখুন


**মায়ের হাসি ক্লিনিক**
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
**নিয়মিত রোগী দেখেন**
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
**রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।**
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)**
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



**শর্মা ফুড প্লাজা**
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## শরীরে ঘুমের ঘাটতি জানান দেয়

(শেষ পৃষ্ঠার পর)
আলোর সংস্পর্শে থাকবেন, তত দেরি হবে ঘুম আসতে। তাই সন্ধ্যার পরপরই খেয়ে নিন আর টিভি ও মোবাইলের স্ক্রিন থেকে যত দ্রুত সম্ভব নিজেকে ছুটি দিন। সাত-আট ঘণ্টার টানা একটা ঘুম দিয়ে পরদিন ফুরফুরে মেজাজে সুস্থভাবে দিন শুরু করুন। ঘুম না হলে নিজে নিজে ঘুমের ওষুধ গ্রহণ করা যাবে না, প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

## স্বাস্থ্য ও পড়াশোনার বড় হুমকি

(শেষ পৃষ্ঠার পর)
অনেক সময় তারা সারারাত সামাজিক যোগাযোগ মাধ্যম বা অনলাইন গেমে ব্যস্ত থাকে। এর ফলে পড়াশোনায় মনোযোগ কমে যায়, ক্লাসে অংশগ্রহণ কমে, পরীক্ষার ফলাফল খারাপ হয় এবং স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি পায়।মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী শংকর শাহা স্বীকার করেছেন, "চোখ দিয়ে পানি ঝরলেও মোবাইল না দেখলে মন খারাপ হয়। স্কুলে মোবাইল নেওয়া যায় না, কিন্তু বাড়িতে গেম খেলতে না পারলে ভালো লাগে না। নিজের আসক্তি কমাতে পারি না।" অন্যান্য অনেক শিশু অনলাইন বন্ধুদের প্ররোচনায় মাদকের মতো বিপজ্জনক বিষয়েও আসক্ত হয়ে পড়ছে। মেহেরপুর ছহিউদ্দি ডিগ্রী কলেজের রাষ্টবিজ্ঞানের অধ্যাপক ফররুখ আহম্মেদ বলেন, "মাদকাসক্তি এবং সোশ্যাল নেটওয়ার্ক আসক্তির মধ্যে পার্থক্য নেই। এটি নিয়ন্ত্রণ না করলে শিশু-কিশোররা ভবিষ্যতে জাতির জন্য বোঝা হয়ে উঠবে।" চিকিৎসক সজিবুল হক আরও বলেন, স্মার্টফোনের অতিরিক্ত ব্যবহারের ফলে শিশু-কিশোরদের মধ্যে ওজন বৃদ্ধির প্রবণতা বেড়ে যাচ্ছে, শারীরিক কর্মকাণ্ড কমে যাচ্ছে এবং চোখ ও মস্তিষ্কের ওপর নেতিবাচক প্রভাব পড়ছে। যারা দিনে ১৪ ঘণ্টার বেশি সময় ফোনে ব্যয় করছে, তাদের মধ্যে শারীরিক ফিটনেসের সমস্যা দেখা দিচ্ছে। বিশেষজ্ঞরা মনে করছেন, প্রযুক্তি এবং ইন্টারনেটের ইতিবাচক ব্যবহার অবশ্যই করা উচিত, তবে সীমা থাকা জরুরি। শিশুদের মানসিক বিকাশ ও শারীরিক সুস্থতার জন্য মোবাইল ব্যবহারের সময় নিয়ন্ত্রণ, অভিভাবকের তদারকি এবং সচেতন ব্যবহারই সমাধান।

## ৭০ বছর ধরে খারাপ সড়ক

(শেষ পৃষ্ঠার পর)
নেতারা আসে, প্রতিশ্রুতি দেয়। কিন্তু ভোট শেষ হলে আর কেউ খোঁজ নেয় না। আমি শারীরিক প্রতিবন্ধী, আমার জন্য চলাচল অত্যন্ত কষ্টের।"রোববার (৩১ আগস্ট) বিকেল ৫টায় সোঁপুকুরিয়া মসজিদ মোড়ে গ্রামবাসী রাস্তা পাকাকরণের দাবিতে মানববন্ধন করেন।

## হঠাৎ মৃদু তাপপ্রবাহ, ভ্যাপসা গরমে

(শেষ পৃষ্ঠার পর)
আক্তার ঢাকা পোস্টকে বলেন, গত ২৩ জুলাই জেলায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ৩৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। এরপর আজ ৩৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হলো। চুয়াডাঙ্গার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান ঢাকা পোস্টকে বলেন, লঘুচাপ সৃষ্টির সম্ভাবনা রয়েছে। আর এই লঘুচাপের আগে তাপমাত্রা কিছুটা বেড়ে যায়। যা স্থায়ী থাকে না।

## মেহেরপুরে বিএনপির দুই গ্রুপের

করা হয়েছে। হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক জানিয়েছেন, আহতদের অবস্থা বর্তমানে আশঙ্কাজনক। মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবা উদ্দীন আহমেদ বলেন, খবর পেয়ে সংঘর্ষস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ঘটনার পর থেকে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। স্থানীয়রা বলছেন, দলীয় ভেতর বিরোধের কারণে এই সংঘর্ষের সূত্রপাত হয়েছে।

## চুয়াডাঙ্গায় বিএনপির ৪৭তম

(শেষ পৃষ্ঠার পর)
এসে শেষ হয়। এসময় জেলা বিএনপির সভাপতি মো. শরীফুজ্জামান শরীফের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিজিএমইএ 'র সভাপতি ও জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা ফরিদুল ইসলাম শিপলুর সঞ্চালনায় সভায় সাংগঠনিক সম্পাদক সম্পাদক সফিকুল ইসলাম পিটু ও খালিদ হাসান মিল্টন এবং পৌর বিএনপির সভাপতি সিরাজুল ইসলাম মনিসহ নেতৃবৃন্দরা বক্তব্য রাখেন।

## হৃদরোগ শনাক্তে এআই স্টেথোস্কোপ

এ(শেষ পৃষ্ঠার পর)
আই স্টেথোস্কোপ ব্যবহার করা হয়। এতে ৯৬টি জিপি সার্জারিতে ১২ হাজারেরও বেশি রোগীকে পরীক্ষা করা হয়েছে। ফলাফল তুলনা করা হয় আরও ১০৯টি জিপি সার্জারির সঙ্গে, যেখানে এই প্রযুক্তি ব্যবহার হয়নি।ফলাফলে দেখা গেছে, সম্ভাব্য হার্ট ফেইলিউর শনাক্তে নতুন ডিভাইস প্রচলিত ব্যবস্থার চেয়ে ২.৩৩ গুণ বেশি কার্যকর। অস্বাভাবিক হৃদস্পন্দন শনাক্তে এর দক্ষতা ৩.৫ গুণ বেশি। হার্টের ভাল্বের রোগ নির্ণয়ে এটি ১.৯ গুণ বেশি সক্ষম। ব্রিটিশ হার্ট ফাউন্ডেশনের ক্লিনিক্যাল ডিরেক্টর ও কার্ডিওলজিস্ট ড. সোনিয়া বাবু-নারায়ন বলেন, "দুই শতাধিক বছরের পুরোনো সাধারণ স্টেথোস্কোপকে আধুনিক যুগে রূপ দেওয়ার অসাধারণ উদাহরণ এটি। কারণ অনেক সময় রোগীরা কেবল জরুরি অবস্থায় হাসপাতালে পৌঁছানোর পরই রোগ সম্পর্কে জানতে পারেন। আগে থেকে শনাক্ত করা গেলে তাদের জীবন রক্ষা করা সম্ভব।" গবেষকরা জানিয়েছেন, ইংল্যান্ডের দক্ষিণ লন্ডন, সাসেক্স ও ওয়েলস অঞ্চলে শিগগিরই এআই স্টেথোস্কোপ চালুর পরিকল্পনা রয়েছে।

## তারেক রহমান

(শেষ পৃষ্ঠার পর)
জাতীয়তাবাদী দল-বিএনপি প্রতিষ্ঠা করেন। আজকের দিনটি বাংলাদেশি মানুষের জন্য আনন্দ, উদ্দীপনা ও প্রেরণার দিন।" তারেক রহমান বলেন, স্বাধীনতার পরপরই ক্ষমতাকে চিরস্থায়ী করার উদ্দেশ্যে একদলীয় বাকশালী ব্যবস্থা কায়েম করে গণতন্ত্রকে হত্যা করা হয়। তৎকালীন শাসকগোষ্ঠীর দমননীতি, বিশৃঙ্খলা ও রাজনৈতিক হত্যাকাণ্ড দেশের মানুষের জীবনে ভয়াবহ প্রভাব ফেলে। তিনি আরও উল্লেখ করেন, শহীদ জিয়াউর রহমান ক্ষমতাসীন হয়ে পুনরায় বহুদলীয় গণতন্ত্র পুনরুজ্জীবিত করেন এবং নাগরিক স্বাধীনতা নিশ্চিত করেন। ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, বিএনপি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সবসময় সতর্ক প্রহরীর ভূমিকা পালন করেছে। বিশেষত ১৯৮০-এর দশকে ৯ বছরের সামরিক স্বৈরাচার বিরোধী আন্দোলনে বিএনপির রাজপথে আপসহীন ভূমিকা দেশের গণতন্ত্র পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

তিনি বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার অবদানের কথাও স্মরণ করিয়ে দিয়ে বলেন, ১৯৯১ সালে ক্ষমতায় এসে বিএনপি সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রবর্তনের মাধ্যমে দেশের গণতান্ত্রিক কাঠামোকে শক্তিশালী করেছে। এছাড়াও দলের সামাজিক ও অর্থনৈতিক নীতি উদারপন্থার ভিত্তিতে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠি ও নারীদের ক্ষমতায়নে অগ্রণী ভূমিকা পালন করেছে। তারেক রহমান বলেন, "দেশে আর দুর্ভিক্ষ স্পর্শ করেনি। জনগণ আর্থিক দুরাবস্থা কাটিয়ে উঠতে সক্ষম হয়েছে। বিএনপি দেশের জনগণের আস্থা ও বিশ্বাস অক্ষুণ্ণ রেখে সেবা অব্যাহত রাখবে।"

তিনি দলের নেতাকর্মী ও শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত আইনের শাসন, মত প্রকাশের স্বাধীনতা, সংবাদপত্র ও বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করা জরুরি। এই উদ্দেশ্যেই অবাধ ও সুষ্ঠু নির্বাচন, সুশাসন ও ন্যায়বিচার নিশ্চিত করা বিএনপির প্রধান লক্ষ্য। শেষে তারেক রহমান বলেন, "দেশজুড়ে যেন আর কখনো গুম, গুপ্তহত্যা, বিচারবহির্ভূত হত্যা, নারী ও শিশুদের ওপর পৈশাচিকতা, সন্ত্রাস, চাঁদাবাজি, দুর্নীতি ও টাকা পাচারের মতো ঘটনা না ঘটে। নতুনভাবে মব সংস্কৃতির অবসান ঘটাতে হবে, কারণ এটি আইন বহির্ভূত, হিংসাত্মক আচরণ যা জনমনে ভীতি ও আতঙ্ক সৃষ্টি করে। জনগণের অধিকার আদায় ও দেশের সার্বভৌমত্ব রক্ষা করা এখন বিএনপির মূল লক্ষ্য।"

## যুক্তরাষ্ট্র কোনো দল বা ব্যক্তিকে

(শেষ পৃষ্ঠার পর)
সিদ্ধান্ত।" সোমবার (১ সেপ্টেম্বর) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের সঙ্গে ঘণ্টাব্যাপী বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। গত বছরের ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর বর্তমান নির্বাচন কমিশনের সঙ্গে মার্কিন দূতাবাসের এটি ছিল প্রথম বৈঠক। বৈঠক শেষে যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত বলেন, "আমি এখানে এসেছি শোনার জন্য, শেখার জন্য এবং বোঝার জন্য। যেহেতু নানা ধরনের গুজব ও ষড়যন্ত্র তত্ত্ব ছড়িয়ে আছে, আমি পরিষ্কার করে বলতে চাইড় আমরা কোনো দল বা ব্যক্তিকে সমর্থন করি না। আমরা শুধু চাই, বাংলাদেশে একটি শান্তিপূর্ণ, নিরাপদ পরিবেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত হোক।" তিনি আরও বলেন, "আমরা রাজনৈতিক দলগুলোর সঙ্গে দেখা করি তাদের কর্মসূচি ও লক্ষ্য বোঝার জন্য। কিন্তু কোনো দল বা নির্দিষ্ট রাজনীতিবিদকে সমর্থন করি না। আমরা শুধু বিশ্বাস করি, জনগণই তাদের ভবিষ্যৎ ঠিক করবে এবং আমরা আশা করি, বাংলাদেশ সেই প্রচেষ্টায় সফল হবে।" বৈঠকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশনের প্রস্তুতি ও সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। এতে মার্কিন দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তা জেমস স্টুয়ার্ট এবং রাজনৈতিক বিশেষজ্ঞ ফিরোজ আহমেদ উপস্থিত ছিলেন। মার্কিন প্রতিনিধি দলের আগমন উপলক্ষে নির্বাচন ভবনে নিরাপত্তা জোরদার করা হয়। ইসি সচিব আখতার আহমেদ নিজে নিচতলায় গিয়ে ট্র্যাসি অ্যান জ্যাকবসনকে স্বাগত জানান এবং কর্মকর্তাদের সঙ্গে নিয়ে সিইসির দপ্তরে পৌঁছে দেন। এর আগে গত বৃহস্পতিবার সিইসির সঙ্গে এ বৈঠক হওয়ার কথা থাকলেও আগারগাঁও মোড়ে কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবরোধের কারণে তা স্থগিত করা হয়েছিল।

## নুরের শারীরিক অবস্থার উন্নতি

(শেষ পৃষ্ঠার পর)
হয়েছে। সোমবার সকালে ঢামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান সাংবাদিকদের জানান, নুর আগের তুলনায় অনেকটা সুস্থ আছেন। তার নাক ও চোয়ালের হাড়ে ভাঙন থাকায় পুরোপুরি সেরে উঠতে ৪ থেকে ৬ সপ্তাহ সময় লাগবে। হাসপাতাল পরিচালক আরও বলেন, বর্তমানে নুর স্বাভাবিক খাবার খেতে পারছেন, যদিও খাবার গ্রহণের সময় কিছুটা ব্যথা অনুভব করছেন। চোখে রক্তজমাট থাকলেও চিকিৎসকদের ধারণা, এক থেকে দুই সপ্তাহের মধ্যে সেটিও সেরে যাবে। তিনি জানান, আঘাতের পর নাক থেকে হওয়া রক্তক্ষরণের একটি অংশ শ্বাসনালীতে চলে গিয়েছিল। কাশির সঙ্গে সেই রক্ত বের হয়েছে, তবে এতে কোনো জটিলতার আশঙ্কা নেই। সকালে নৌপরিবহন মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন নুরকে দেখতে হাসপাতালে যান। তিনি চিকিৎসকদের সঙ্গে তার শারীরিক অবস্থার খোঁজ নেন। এ সময় গণ অধিকার পরিষদের কয়েকজন নেতাকর্মীও উপস্থিত ছিলেন। গণ অধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান বলেন, নুর সুস্থ হয়ে ওঠার পর হামলার ঘটনায় মামলা করা হবে। উল্লেখ্য, গত শুক্রবার রাত ৯টার দিকে রাজধানীর বিজয়নগরে জাতীয় পার্টি (জাপা) ও গণ অধিকার পরিষদের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ লাঠিচার্জ করলে নুরুল হক নুর, রাশেদ খানসহ অনেকে আহত হন। পরে নুরকে ইসলামী ব্যাংক হাসপাতালে নেওয়া হয় এবং সেখান থেকে রাতেই ঢামেক হাসপাতালে ভর্তি করা হয়। বিএনপি মহাসচিব বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান গণমাধ্যমের স্বাধীনতা, বিচার বিভাগের স্বাধীনতা ও মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করেছিলেন। তিনি মুক্তবাজার অর্থনীতি প্রবর্তনের মাধ্যমে দেশের অর্থনীতিতে নতুন দিগন্ত উন্মোচন করেন। পোশাক শিল্পের সূচনা ও বিদেশে রপ্তানির পথ তৈরি হয়েছিল তাঁর হাত ধরেই। তিনি আরও স্মরণ করিয়ে দেন, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া সংসদীয় গণতন্ত্র ও তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন করেছিলেন। এ সময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ, চেয়ারপারসনের উপদেষ্টা আমান উল্লাহ আমান, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকন, শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, আবদুস সালাম আজাদসহ কেন্দ্রীয় ও মহানগর নেতারা উপস্থিত ছিলেন। পুষ্পস্তবক অর্পণের পর জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাতে অংশ নেন নেতারা।

## সর্বশক্তি দিয়ে সুন্দর নির্বাচন

(শেষ পৃষ্ঠার পর)
প্রভাব ছাড়াই নিজেদের মতো করে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছি। সর্বশক্তি দিয়ে সবাইকে সঙ্গে নিয়ে একটা সুন্দর নির্বাচন আয়োজনের চেষ্টা করবো।" সোমবার বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ঢাকায় নিযুক্ত মার্কিন ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত (দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স) ট্র্যাসি এ্যান জ্যাকবসনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। সিইসি জানান, আগামী বছরের রমজানের আগেই জাতীয় নির্বাচন আয়োজন করা হতে পারে। তিনি বলেন, "ইসিতে যোগদানের পর থেকেই আমরা প্রস্তুতি শুরু করেছি। প্রধান উপদেষ্টার চিঠি পাওয়ার পর সেই প্রস্তুতি আরও জোরদার হয়েছে। নির্বাচন আয়োজনের বিষয়ে নির্বাচন কমিশনকে কেউ যেন অপ্রস্তুত বলে অভিযোগ করতে না পারে, সে লক্ষ্যেই আমরা কাজ করছি। সরকার যখন চাইবে, আমরা প্রস্তুত থাকবো।" মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকে আলোচনার প্রসঙ্গ উল্লেখ করে নাসির উদ্দীন বলেন, "তিনি জানতে চেয়েছেন, মব সৃষ্টি নির্বাচনে প্রভাব ফেলবে কিনা। আমি তাকে আশ্বস্ত করেছি, নির্বাচনের সময় এ ধরনের 'মব জাস্টিস' থাকবে না। আইনশৃঙ্খলা বাহিনী পুরোপুরি নির্বাচন কমিশনের নিয়ন্ত্রণে কাজ করবে।" তিনি আরও বলেন, গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর দায়িত্বশীলরা কমিশনকে আশ্বস্ত করেছেন যে, নির্বাচন কমিশন যেভাবে চাইবে, সেভাবেই তারা সহযোগিতা করবে। কালো টাকার দৌরাত্ম্য প্রসঙ্গে সিইসি বলেন, "এটা পুরোপুরি বন্ধ করা সম্ভব নয়। তবে আমরা তা কমানোর চেষ্টা করব, ইনশাআল্লাহ।" সংসদীয় আসনের সীমানা পুনঃনির্ধারণের শুনানিতে বিএনপি ও এনসিপির নেতাদের মধ্যে হাতাহাতির ঘটনায় এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "ঘটনার পর নির্বাচন কমিশন আইনগত ব্যবস্থা নিয়েছে। পুলিশকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে। পুলিশ তদন্ত করে যাকে দোষী মনে করবে তার বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে।"

# সৃজিতের সঙ্গে অভিজ্ঞতা খুবই খারাপ : বাঁধন

বিনোদন ডেস্ক

২০২১ সালে কলকাতায় সৃজিত মুখোপাধ্যায়ের পরিচালনায় মুক্তি পায় 'রবীন্দ্রনাথ এখানে কখনও খেতে আসেননি।' এই সিনেমায় প্রথমবারের মতো ওপার বাংলার পরিচালকের সঙ্গে কাজ করেন অভিনেত্রী আজমেরি হক বাঁধন।

এই সিরিজটি দর্শকমহলে বিশেষ প্রশংসিত না হলেও, মুসকান জুবেরি চরিত্রে বাঁধনের আবেদন মনে ধরেছিল দর্শকের। কিন্তু যে কাজ করে এত প্রশংসা, পুরস্কার, সেই কাজের অভিজ্ঞতা নাকি মোটেও সুখকর নয় অভিনেত্রীর কাছে। সম্প্রতি এক সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে তেমনটাই জানিয়েছেন বাঁধন।

অভিনেত্রী বলেন, 'আমার সৃজিতের সঙ্গে কলকাতায় শুটিংয়ের অভিজ্ঞতা প্রচণ্ড খারাপ। ওই ইউনিটের সঙ্গে আমার অভিজ্ঞতা খুবই খারাপ। কিন্তু সেখানে যদি এমন কেউ থেকে থাকেন, যারা আমাকে সাপোর্ট করেছেন, তারা হলেন সিরিজের সিনেম্যাটোগ্রাফার, কেশবিন্যাসশিল্পি এবং রাহুল বোস। তারা আমার পাশে থেকেছেন। তাদের সেই সাপোর্ট আমি সারা জীবন মনে রাখব। কারণ ওই সময়টা আমার জীবনে কখনও আসবে না।'

বাংলাদেশ থেকে উঠে আসা বাঁধন 'রেহানা মরিয়ম নূর'-এর মাধ্যমে আন্তর্জাতিক স্তরে প্রশংসা কুড়িয়েছিলেন। অন্যদিকে সৃজিত তার ধারালো কাহিনি বলা আর ব্যতিক্রমী চরিত্র নির্মাণের জন্য সমানভাবে সমাদৃত। তাদের একসঙ্গে কাজ যে নিঃসন্দেহে এক অনন্য সৃজনশীল মেলবন্ধন, তা নিয়ে নিশ্চিত ছিলেন দর্শক। কিন্তু বাঁধনের এই তিক্ত অভিজ্ঞতার কথা ছিল আড়ালেই। যা বহুদিন পরে প্রকাশ্যে আনলেন।

২০২৩ সালে বাঁধন বলিউডে অভিষেক করেন বিশাল ভরদ্বাজ পরিচালিত খুফিয়া ছবির হাত ধরে। টাবু এবং আলি ফজলের মতো নামী অভিনেতাদের সঙ্গে সমানতালে অভিনয় করে পৌঁছে যান নতুন উচ্চতায়।



অন্য দিকে, সৃজিত ব্যস্ত নতুন ছবির প্রস্তুতিতে। নাম 'এম্পারার ভার্সেস শরৎচন্দ্র'। 'এম্পারার ভার্সেস শরৎচন্দ্র' ছবি প্রসঙ্গে পরিচালক জানালেন, আগামী বছর শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পথের দাবী' উপন্যাস প্রকাশিত হওয়ার শতবর্ষ।


ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকরণ
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সঊদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বী
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০

বিসমিল্লাহ্ ফার্মেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪০৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
কেওন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা–সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা–দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা–১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০–বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা–দুপুর ২টা, বিকেল ৪টা–রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা–দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা–বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা–বিকেল ৫টা

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ২ সেপ্টেম্বর ২০২৫ ইং

## স্বপ্নার মৃত্যু আমাদের বিবেককে প্রশ্ন করে

গাংনী উপজেলার মটমুড়া গ্রামের গৃহবধূ স্বপ্না খাতুনের মৃত্যু কেবল একটি পরিবারের শোক নয়, পুরো সমাজের বিবেককে প্রশ্নের মুখে দাঁড় করিয়েছে। দুই সন্তানের জননী, সংসার সামলানো এক নারী কেন এমন নির্মম পথ বেছে নিলেনড়তার জবাব আজও অজানা। আমরা কি কখনো ভেবে দেখেছি, নারীর অন্তর্দাহ, মানসিক চাপ কিংবা অব্যক্ত যন্ত্রণা বোঝার মতো জায়গা আমাদের সমাজে কতটুকু আছে? স্বপ্না খাতুন যদি সত্যিই আত্মহত্যা করে থাকেন, তবে এ মৃত্যু নিছক ব্যক্তিগত নয়; এটি আমাদের সামাজিক অবহেলা ও দায়িত্বহীনতার নির্মম প্রতিচ্ছবি। নারীর জীবনে প্রতিদিনের সংগ্রাম, অবহেলা আর নিপীড়ন যদি কাউকে মৃত্যুর দিকে ঠেলে দেয়, তবে সেটি কেবল পারিবারিক ব্যর্থতা নয়, বরং আমাদের সমাজের ব্যর্থতা। আমরা কি নারীদের যথেষ্ট সহমর্মিতা, নিরাপত্তা এবং মানসিক সহায়তা দিচ্ছি? প্রতিটি অকাল মৃত্যু এক একটি সতর্কবার্তা। স্বপ্নার মৃত্যু আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলড়মানসিক স্বাস্থ্যসেবা, পারিবারিক বোঝাপড়া এবং সামাজিক সংবেদনশীলতা ছাড়া এ ধরনের ট্র্যাজেডি থামানো সম্ভব নয়। এখনই সময় প্রশ্ন তোলার: আর কত স্বপ্না খাতুনকে আমরা হারাব, সমাজ কি ততদিনও নির্বিকার থাকবে?

## ফেনসিডিল রাখার দায়ে

(প্রথম পৃষ্টার পর)
অ্যাডভোকেট ফরিদ উদ্দিন ও আসাদুল আজম খোকন কৌশলী ছিলেন।

## বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী

(প্রথম পৃষ্টার পর)
বিএনপির সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা ও সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম প্রমুখ। এ ছাড়াও আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাপি, আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী র‌্যালিতে যোগ দেন।

## ক্ষমতায় গেলে দেশের আমূল

(প্রথম পৃষ্টার পর)
প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের (বীর উত্তম) মাজারে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া মাহফিলে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল অভিযোগ করেন, বিএনপিকে ধ্বংস করার জন্য বারবার ষড়যন্ত্র হয়েছে। তিনি বলেন, "গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ে বিএনপি বারবার আক্রমণের শিকার হয়েছে। প্রায় ৬০ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা দেওয়া হয়েছে, ২০ হাজার নেতাকর্মী নিহত হয়েছেন, ১ হাজার ৭০০ জন গুম হয়েছেন। তারপরও বিএনপি ফিনিক্স পাখির মতো বারবার ফিরে এসেছে বাংলাদেশি জাতীয়তাবাদের আদর্শ নিয়ে।" তিনি আরও জানান, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নির্বাসন থেকে গত ১৫ বছর ধরে গণতন্ত্রের সংগ্রাম পরিচালনা করছেন। আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় জাতীয় নির্বাচনের প্রসঙ্গ টেনে বিএনপি মহাসচিব বলেন, "এখন আমাদের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে সেই নির্বাচন সুষ্ঠুভাবে আয়োজন করা।" সংস্কার কমিশনের প্রতি বিএনপির সহযোগিতার বিষয়েও মন্তব্য করেন মির্জা ফখরুল। তিনি বলেন, "সংস্কার কমিশন যেসব প্রস্তাব এনেছিল, বিএনপি তার সমাধানে সর্বাত্মক সহযোগিতা করেছে।"

## গাংনীতে বিএনপি নেতা গ্রেফতারের

(প্রথম পৃষ্টার পর)
কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিএনপি নেতা সুরেভী আলভী। এসময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা শাহজাহান সেলিম, নুরুজ্জামান হকা, নুরুল হক, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুলসহ স্থানীয় নেতাকর্মীরা। লিখিত বক্তব্যে আসাদুজ্জামান বাবলু বলেন, "গোলাম মোস্তফা ডাকু একজন লড়াকু কর্মী। গণতান্ত্রিক আন্দোলনে তিনি সক্রিয় থেকেছেন। কিন্তু ষড়যন্ত্রের অংশ হিসেবে তার বিরুদ্ধে অস্ত্র উদ্ধার দেখিয়ে গ্রেফতারের নাটক সাজানো হয়েছে।" নেতারা অভিযোগ করেন, আসন্ন জাতীয় নির্বাচনকে ঘিরে সরকার বিএনপি নেতাকর্মীদের দমন-পীড়নের অংশ হিসেবে এ পদক্ষেপ নিয়েছে। তারা ডাকুর নিঃশর্ত মুক্তি ও ষড়যন্ত্রকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। প্রসঙ্গত, সোমবার ভোরে সেনাবাহিনী ও র‌্যাব-১২ গাংনী ক্যাম্পের সদস্যরা যৌথ অভিযানে গোলাম মোস্তফা ডাকুকে আটক করে। এসময় তার বাড়ি থেকে একটি বিদেশি পিস্তল, ম্যাগাজিন ও তিন রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে বলে আইনশৃঙ্খলা বাহিনী জানিয়েছে।

## গাংনীতে যৌথ বাহিনীর অভিযানে

(প্রথম পৃষ্টার পর)
গোলাম মোস্তফা খোকন গাইনের ছেলে ছেলে। র‍্যাব গাংনী মেহেরপুরের কোম্পানী কমান্ডার লে :ওয়াহিদুজ্জামান (এসএন) বিএন প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, অধিনায়ক র‍্যাব-১২ এর দিকনির্দেশনায় গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-১২,সিপিসি-৩ গাংনী মেহেরপুরের এবং গাংনী সেনাবাহিনী ক্যাম্পের যৌথ অভিযান পরিচালণা করা হয়। এসময় আসামীসহ ১ টি বিদেশী পিস্তল,২টি ম্যাগজিন ও ৩ রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়।
আসামীর বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। অস্ত্র গুলি ও ম্যাগজিন উদ্ধারের ঘটনায় গ্রেফতারকৃত আসামি আজিজুল হক, ডাকুর বিরুদ্ধে ১৮৭৮ সালের অস্ত্র আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের পূর্বক হস্তান্তর করা হয়েছে।

## মেহেরপুরে নবাগত জেলা প্রশাসকের

(প্রথম পৃষ্টার পর)
খাইরুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাজিদুল ইসলাম, হাবিবুর রহমান, তানজিলা শারমীন দৃষ্টি, অবির আনসারী, শেখ তৌহিদুল কবীর, খাদিজা আক্তার প্রমুখ উপস্থিত ছিলেন।

## নারী বিশ্বকাপ ক্রিকেটে পুরুষদের

(প্রথম পৃষ্টার পর)
'ঐতিহাসিক ঘোষণা'মুহূর্ত। প্রাইজমানি বৃদ্ধির মাধ্যমে আমরা স্পষ্ট বার্তা দিচ্ছিড়নারীরা পেশাদারভাবে ক্রিকেট বেছে নিলে তাদের পুরুষদের সমান মর্যাদা দেওয়া হবে।" চ্যাম্পিয়ন দল এবার প্রাইজ হিসেবে পাবে ৪.৪৮ মিলিয়ন ডলার, যা ২০২২ সালে অস্ট্রেলিয়ার পাওয়া ১.৩২ মিলিয়নের তুলনায় ২৩৯ শতাংশ বেশি। রানার্সআপ দল পাবে ২.২৪ মিলিয়ন ডলার, যেখানে গত আসরে ইংল্যান্ড পেয়েছিল মাত্র ৬ লাখ ডলার। নারীদের ওয়ানডে বিশ্বকাপের ১৩তম আসর অনুষ্ঠিত হবে ভারত ও শ্রীলঙ্কায়, শুরু হবে ৩০ সেপ্টেম্বর। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে আয়োজক ভারত ও শ্রীলঙ্কা, যা অনুষ্ঠিত হবে গৌহাটিতে। দুই প্রতিবেশী দেশের জন্য নিরপেক্ষ ভেন্যু নীতির অংশ হিসেবে পাকিস্তান তাদের সব ম্যাচ খেলবে কলম্বোয়। ফাইনাল অনুষ্ঠিত হবে ২ নভেম্বর, অনুষ্ঠিত হবে মুম্বাই বা কলম্বোতে।

## হোমিওপ্যাথিক চিকিৎসকদের মানববন্ধন

(প্রথম পৃষ্টার পর)
মেডিকেল কলেজ আয়োজন করে কর্মসূচি। হোমিওপ্যাথিক চিকিৎসক সমাজ কল্যাণ সংস্থা ভেড়ামারা শাখার সভাপতি ডা. শিহাবুল আলমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ডা. কামরুল ইসলাম মনা। তিনি বলেন, "ডাক্তার শব্দটি বিএমডিসির পৈত্রিক সম্পত্তি নয়। এলোপ্যাথি ও হোমিওপ্যাথি আলাদা চিকিৎসা পদ্ধতি। পৃথিবীর কোথাও হোমিওপ্যাথিক চিকিৎসকদের আইন অনুযায়ী বাধ্য করা হয় না, কেন আমাদের ওপর চাপানো হচ্ছে?" মানববন্ধনে বীর মুক্তিযোদ্ধা ডা.

লাবীবা আরজুমান্দ

# শৃঙ্খলা ও ভোক্তা অধিকার নিশ্চিতে ভ্রাম্যমাণ অভিযান



বাজারে প্রতিদিন অগণিত মানুষ নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ক্রয় করতে ভীড় করে থাকেন। খাদ্যপণ্য থেকে শুরু করে গ্যাস, সার কিংবা কীটনাশকড়এসব সামগ্রী সরাসরি মানুষের জীবনযাত্রার সঙ্গে জড়িত। অথচ প্রতিনিয়তই দেখা যায় ভোক্তাদের অধিকার অবহেলিত হতে। কখনও ইচ্ছাকৃতভাবে, কখনও অব্যবস্থাপনার কারণে। এই বাস্তবতা আমাদের মনে করিয়ে দেয় যে বাজার নিয়ন্ত্রণ কেবল দামের প্রশ্ন নয়, বরং নিরাপত্তা, স্বচ্ছতা ও ন্যায্যতার প্রশ্ন। সম্প্রতি মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের (ডিএনসিআরপি) এক অভিযানে কয়েকটি ব্যবসা প্রতিষ্ঠানের অনিয়ম ধরা পড়ে এবং জরিমানা করা হয়। অভিযানে দেখা গেছে, কোথাও পণ্যের উৎপাদন ও মেয়াদোত্তীর্ণ তারিখ নেই, কোথাও আবার গ্যাস ব্যবসা চলছে বিনা লাইসেন্সে। আমাদের বাজারে এসব অনিয়ম কোনো নতুন বিষয় নয়। প্রায় প্রতিটি অঞ্চলে দেখা যায়, ভেজাল, ওজন কম দেওয়া, মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রি করা কিংবা যথাযথ অনুমোদন ছাড়া ব্যবসা পরিচালনা করার মতো অসংগতি। ভোক্তারা অনেক সময় এসব বুঝতেই পারেন না, কিংবা বুঝলেও প্রতিবাদ করার মানসিকতা থাকে না। এর ফল ভোগ করতে হয় সাধারণ মানুষকে কখনও স্বাস্থ্যের ঝুঁকি, কখনও আর্থিক ক্ষতি। ডিএনসিআরপি-এর অভিযানগুলো প্রমাণ করে যে বাজারে এখনও মান নিয়ন্ত্রণ ও সঠিক তথ্য প্রদানে শিথিলতা রয়েছে। জরিমানা সাময়িকভাবে ভীতি তৈরি করলেও আমাদের যে বড় প্রশ্নটি ভাবতে হবে তা হলো: এই শাস্তি কতটা কার্যকর? জরিমানার অঙ্ক হয়তো সাময়িকভাবে ব্যবসায়ীদের সতর্ক করবে, কিন্তু অনিয়মের প্রবণতা কি সত্যিই কমবে? এর উত্তর নির্ভর করে দীর্ঘমেয়াদি পদক্ষেপের ওপর। দীর্ঘমেয়াদি সমাধানের জন্য প্রয়োজন কার্যকর নীতি প্রয়োগ, নিয়মিত তদারকি, ব্যবসায়ীদের প্রশিক্ষণ এবং আইনি কাঠামোকে আরও শক্তিশালী করা। সেই সাথে প্রয়োজন পুনর্বাসনধর্মী নীতি প্রণয়নের বাস্তবায়ন যেমন: লাইসেন্সবিহীন ব্যবসায়ীদের বৈধতার আওতায় আনার উদ্যোগ, ভেজাল বা মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রির ক্ষেত্রে কঠোর নজরদারি, এবং বাজারে মান নিয়ন্ত্রণের নির্দিষ্ট কাঠামো প্রয়োগ। বিশেষ করে খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করা ছাড়া কোনো বিকল্প নেই। অন্যদিকে, ভোক্তারাও প্রায়শই তাদের অধিকার সম্পর্কে অবগত নন। পণ্যের গায়ে উৎপাদন ও মেয়াদোত্তীর্ণ তারিখ আছে কি না, লাইসেন্স আছে কি নাড়এসব বিষয়ে প্রশ্ন তোলার অভ্যাসও আমাদের তৈরি করতে হবে। ভোক্তার অংশগ্রহণ ছাড়া কেবল প্রশাসনিক উদ্যোগ দিয়ে বাজারে শৃঙ্খলা প্রতিষ্ঠা সম্ভব নয়। অবশেষে, ভোক্তা অধিকার রক্ষা কেবল ডিএনসিআরপি-এর একক দায়িত্ব নয়; এটি সরকারের নীতি, ব্যবসায়ীদের জবাবদিহিতা এবং সাধারণ মানুষের সচেতনতার সমন্বিত প্রচেষ্টার ওপর নির্ভর করে। (প্রাক্তন শিক্ষার্থী (বিবিএ, এমবিএ) বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# দান মানে আত্মপ্রকাশ নয়, আত্মত্যাগ

আহমাদুল্লাহ মাসউদ

দান মানুষের অন্তরের এক অনন্য ভাষা। এটি শব্দহীন ভালোবাসা, করুণা ও সহমর্মিতার প্রকাশ। দান কখনো সম্পদের ক্ষতি নয়; বরং তা আত্মার প্রশান্তি, হৃদয়ের প্রশস্ততা এবং প্রকৃত সমৃদ্ধির দুয়ার খুলে দেয়। দানের মাধ্যমে মানুষ নিজের স্বার্থের সীমা ছাড়িয়ে অপরের সুখ-দুঃখে শরিক হয়। ধনী-গরিবের মাঝে তৈরি হয় আত্মিক সেতুবন্ধন। একটি ক্ষুদ্র দানও কখনো বড় কল্যাণ বয়ে আনে, কারও মুখে ফুটিয়ে তোলে হাসি।
কিন্তু দুঃখজনকভাবে, আজকের সমাজে দানের এই মহান সৌন্দর্য ম্লান হচ্ছে। অনেকেই দান করার আগে প্রাপককে প্রশ্নবাণে জর্জরিত করেন। কারও দুঃখ-ব্যথাকে যাচাই-বাছাইয়ের কাঠগড়ায় দাঁড় করান। এ যেন দানের আড়ালে অপমানের নির্মম খেলা। অথচ রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "তোমরা সহজ করো, কঠিন করো না। সুসংবাদ দাও, মানুষকে বিমুখ করো না।" দান যদি মানুষের সম্মানহানি ঘটায়, তবে তা আর দান নয়ড়বরং আত্মপ্রদর্শনী মাত্র। হাদিসে এসেছে, "কেয়ামতের দিন প্রথম বিচারের মধ্যে থাকবেন সেই ব্যক্তি, যে দান করেছিল লোক দেখানোর জন্য। তার এই দান তাকে জাহান্নামে নিয়ে যাবে।" আল্লাহ তাআলা বলেন, "তোমরা যদি প্রকাশ্যে দান করো, (যদি লোক দেখানোর উদ্দেশ্যে না হয়) তবে তা-ও ভালো। আর যদি গোপনে দান করো এবং গরিবদের দাও, তবে এটি তোমাদের জন্য অধিক উত্তম।")অতএব, দান মানে কারও আত্মমর্যাদা ভাঙা নয়। দান মানে করুণা, সহানুভূতি এবং হৃদয়ের নিঃশব্দ ভালোবাসা। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "এক মুসলিম অপর মুসলিমের ভাই। সে তার ওপর জুলুম করবে না, অপমান করবে না, তাকে হেয় করবে না।"

আব্দুল হাকিম, ডা. হাসানুজ্জামান টপি, বিদ্যুৎ হোসেন, এমদাদুল হক পুনা, ইসরাফিল হোসেন, আমিরুল ইসলাম, ইউনুস আলী, শরিফুল ইসলাম, সাবিনা আক্তার, হোসনেয়ারা বানু, মজির উদ্দিন, জহুরুল ইসলাম, রোকনুজ্জামান, ফারুক হোসেন, হাসানুজ্জামান চুনু, জেসমিন নাহার ও জিল্লুর রহমানসহ শতাধিক চিকিৎসক ও ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন। মানববন্ধন শেষে সংগঠনের নেতৃবৃন্দ ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা রফিকুল ইসলামের নিকট স্মারকলিপি প্রদান করেন।

## পাকিস্তানে হেলিকপ্টার দুর্ঘটনায়

(প্রথম পৃষ্টার পর)
এ দুর্ঘটনা এমন এক সময় ঘটল, যখন মাত্র কয়েক সপ্তাহ আগে খাইবার পাখতুনখোয়া প্রদেশে বন্যা ত্রাণ কার্যক্রম চালানোর সময় একটি এমআই-১৭ হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে পাইলটসহ ছয়জন মারা যান। পাকিস্তানে এর আগে আরও একাধিক ভয়াবহ হেলিকপ্টার দুর্ঘটনা ঘটেছে। ২০২২ সালে বেলুচিস্তান প্রদেশে বন্যা ত্রাণ কার্যক্রমে অংশ নেওয়ার সময় একটি সামরিক হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে সেনাবাহিনীর শীর্ষ এক কমান্ডারসহ ছয়জন সেনা সদস্য নিহত হন। দেশটিতে বারবার হেলিকপ্টার দুর্ঘটনার ঘটনায় নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন উঠছে। বিশেষ করে ত্রাণ কার্যক্রম ও দুর্গম এলাকায় যাতায়াতের সময় এ ধরনের দুর্ঘটনা ঘনঘন ঘটছে বলে বিশেষজ্ঞরা মনে করছেন।

## ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ে দুই

(প্রথম পৃষ্টার পর)
প্রধান শিক্ষক রেজাউল হকসহ শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সভাপতি আকরামুল হক স্বপন বলেন, শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিতে নতুন শিক্ষকদের ভূমিকা গুরুত্বপূর্ণ হবে। প্রধান শিক্ষক হাসানুজ্জামান আশা প্রকাশ করেন, তাদের যোগদানের মাধ্যমে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম আরও গতিশীল হবে।

## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)
ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, বারাদি ইউনিয়ন আমির ও চেয়ারম্যান পদপ্রার্থী আসাদুজ্জামান, রাজনাগর ও যুগিন্দা ওয়ার্ডের সভাপতি আলাউদ্দিন ও জামাতুল ইসলামসহ স্থানীয় নেতাকর্মীরা।

## চুয়াডাঙ্গায় গ্রেপ্তার সাবেক এমপি

(প্রথম পৃষ্টার পর)
স্টেশন এলাকায় অবস্থান করছিলেন। গোপন সূত্রে সংবাদ পেয়ে সোমবার ভোর ৫টার দিকে তাকে আটক করা হয়। এসময় আশরাফুজ্জামান হিসামের কাছে তালাবদ্ধ একটি ব্যাগ পাওয়া যায়। পরে তাকে চুয়াঙ্গাডা সদর থানায় নেওয়া হয়। মাগুরার অতিরিক্ত পুলিশ সুপার মো. মিরাজুল ইসলাম বলেন, তারা আওয়ামী লীগ নেতা আশরাফুজ্জামান হিসামের আটকের খবর জানতে পারেন। তাকে মাগুরা আনতে পুলিশের একটি দল সেখানে যায়। ওই নেতার বিরুদ্ধে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঘটনায় অন্তত পাঁচটি মামলা রয়েছে। সন্ধ্যায় মাগুরা সদর থানার ওসি আইয়ুব আলী জানান, আশরাফুজ্জামান হিসামের বিরুদ্ধে নাশকতার পাঁচটি মামলা আছে। চুয়াডাঙ্গা থেকে আনার পর এসব মামলায় তাঁকে গ্রেপ্তার দেখানো হয়। পরে আদালতের মাধ্যমে বিকেলেই কারাগারে পাঠানো হয়েছে।

## মেহেরপুরে দোকানে চুরি

(প্রথম পৃষ্টার পর)
দোকানের সিসি ক্যামেরা ভেঙে রেখে যায়। এ ঘটনায় দোকান মালিক থানায় মামলার প্রস্তুতি নিচ্ছেন।

## নবাগত জেলা প্রশাসকের অটিস্টিক

(প্রথম পৃষ্টার পর)
বিভিন্ন সমস্যা চিহ্নিত করে তা সমাধানের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশনা দেন। বিদ্যালয়ে পৌঁছালে জেলা প্রশাসক শিক্ষার্থীদের হাতে রজনীগন্ধার স্টিক ও চকলেট তুলে দেন। এ সময় তার সঙ্গে ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তার এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক রূপালী খাতুন।

# নির্বাচন পেছানোর কোনো সুযোগ নেই: আইন উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, সরকারের ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী বছরের ফেব্রুয়ারির মধ্যেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন পেছানোর কোনো সুযোগ নেই। সোমবার (১ সেপ্টেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। ড. আসিফ নজরুল বলেন, "সরকার ফেব্রুয়ারিতে নির্বাচন করার ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ। প্রধান উপদেষ্টা বারবার এ বিষয়ে পরিষ্কার বক্তব্য দিয়েছেন। নির্বাচন কমিশনকে নির্দেশনা দেওয়া হয়েছে এবং তারা সব পদক্ষেপ গ্রহণ করছে। এখানে পেছানোর কোনো সুযোগ নেই।" এনসিপিসহ কয়েকটি রাজনৈতিক দল নির্বাচনের আগে সংস্কার ও বিচারের দাবি জানাচ্ছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে আইন উপদেষ্টা বলেন, "আমাদের রাজনৈতিক দলগুলোড়বিশেষ করে জুলাই গণঅভ্যুত্থানের পক্ষশক্তিড়তাদের বিচার-বিবেচনাবোধের প্রতি সরকারের আস্থা রয়েছে। এর আগে নানা ইস্যুতে মতভেদ দেখা দিলেও তা শেষ পর্যন্ত সমাধান হয়েছে। এবারও প্রয়োজনীয় মুহূর্তে ঐক্য প্রতিষ্ঠিত হবে বলে আমরা আশাবাদী।" নির্বাচনকালীন সরকার গঠন নিয়ে কোনো আলোচনা হচ্ছে না বলেও স্পষ্ট করেন তিনি। দেশের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে আসিফ নজরুল বলেন, "গত এক বছরে মাঝে মাঝে পরিস্থিতির অবনতি হয়েছে, আবার ভালোও হয়েছে। বিপ্লব-পরবর্তী সময়ে সমাজে বিভিন্ন ধরনের অস্থিরতা দেখা দেয়। এ ধরনের ওঠানামা হতাশাজনক হলেও অস্বাভাবিক নয়। এর আগে আমরা পরিস্থিতি সামাল দিতে পেরেছি, ভবিষ্যতেও পারব। ইনশাআল্লাহ পরিস্থিতি আবার ভালো হবে।" জাতীয় নির্বাচনের আগে গণপরিষদ নির্বাচন আয়োজনের এনসিপির প্রস্তাব নিয়ে প্রশ্ন করা হলে আইন উপদেষ্টা বলেন, "এটা তাদের দলীয় বক্তব্য। সরকারের অবস্থান একেবারেই পরিষ্কার আগামী ফেব্রুয়ারির মধ্যেই জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে।"

# স্থানীয় সরকার নির্বাচনের মাঠও গোছাচ্ছে জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

জুলাইয়ের গণঅভ্যুত্থানের পর থেকে স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের দাবি তুলেছিল জামায়াতসহ অধিকাংশ রাজনৈতিক দল। জাতীয় নির্বাচনের আগেই স্থানীয় সরকার নির্বাচন নিয়ে সরব ছিল জুলাই আন্দোলনে নেতৃত্ব দেওয়া ছাত্র সংগঠনগুলোও। তবে ফেব্রুয়ারির মধ্যে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের ঘোষণা আসায় আপাতত স্থানীয় নির্বাচন হওয়ার সম্ভাবনা নেই। বিএনপি শুরু থেকেই জাতীয় নির্বাচনের দাবি নিয়ে এগোলেও বাংলাদেশ জামায়াতে ইসলামী একধাপ এগিয়ে ৩০০ আসনে সম্ভাব্য প্রার্থী ঘোষণা করেছে। শুধু জাতীয় নির্বাচন নয়, সাংগঠনিকভাবে স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতিও জোরেশোরে নিচ্ছে দলটি। ইতোমধ্যে জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ নির্বাচনের জন্যও প্রার্থী ঘোষণা শুরু করেছে তারা। জামায়াতের একাধিক জেলা ও উপজেলা পর্যায়ের নেতাদের সঙ্গে কথা বলে জানা গেছে, স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে প্রার্থী ঘোষণা করছে দলটি। এর মাধ্যমে তারা প্রার্থীদের জনগণের কাছে পরিচিত মুখ হিসেবে গড়ে তোলার চেষ্টা করছে। জাতীয় নির্বাচনের প্রচারণায়ও এসব প্রার্থীরা সক্রিয়ভাবে অংশ নিচ্ছেন।
নোয়াখালী-১ আসনে জামায়াত ঘোষিত প্রার্থী অধ্যক্ষ মাওলানা ছাইফ উল্লাহ বলেন, 'উভয় নির্বাচন নিয়েই আমাদের প্রস্তুতি রয়েছে। স্থানীয় নির্বাচনের সম্ভাব্য প্রার্থীরাও এলাকায় সেবামূলক কাজে ব্যস্ত। তবে এখন জাতীয় নির্বাচনের দিকেই জোর দেওয়া হচ্ছে।' সূত্র জানায়, খুলনা বিভাগের নড়াইল জেলায় উপজেলা ও পৌরসভা নির্বাচনের একাধিক প্রার্থীর নাম ঘোষণা করেছে জামায়াত। এর মধ্যে সদর উপজেলা পরিষদে চেয়ারম্যান পদে আইয়ুব হোসেন খান, ভাইস চেয়ারম্যান পদে হাফেজ মাওলানা আব্দুল্লাহ আল-আমিন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে মাজেদা বেগমকে মনোনীত করা হয়েছে। এছাড়া নড়াইল পৌরসভার মেয়র পদে মো. হেমায়েতুল হক হিমু ও লোহাগড়া পৌরসভার মেয়র পদে জামিরুল ইসলাম টুটুলের নাম ঘোষণা করা হয়েছে। বিভিন্ন ইউনিয়ন পরিষদেও প্রার্থী মনোনয়ন দেওয়া হয়েছে। নোয়াখালীর চাটখিল উপজেলায় ইউনিয়ন পরিষদ নির্বাচনে একাধিক প্রার্থীর নাম ঘোষণা করেছে জামায়াত। রামনারায়ণপুর ইউনিয়নে হুমায়ুন কবির সুমনকে মনোনীত করা হয়েছে।
জামায়াত নেতাদের দাবি, উপজেলা ও গ্রাম পর্যায়ে নির্বাচনকে সামনে রেখে তাদের নেতাকর্মীরা সক্রিয় থাকছেন। সামাজিক ও সেবামূলক কাজে যুক্ত থেকে জনগণের কাছে নিজেদের উপস্থিতি জানান দিচ্ছেন তারা। নাম প্রকাশে অনিচ্ছুক জামায়াতের কেন্দ্রীয় মজলিশে শুরার এক সদস্য বলেন, 'জাতীয় নির্বাচনের আগে স্থানীয় নির্বাচন আমাদের পুরোনো দাবি। তবে ফেব্রুয়ারির মধ্যে জাতীয় নির্বাচন হলে এর আগে স্থানীয় নির্বাচন সম্ভব নয়। তারপরও উভয় নির্বাচনকে সামনে রেখে প্রস্তুতি চলছে।' জামায়াতের সিনিয়র নায়েবে আমির অধ্যাপক মুজিবুর রহমান বলেন, 'স্থানীয় নির্বাচন হলে জাতীয় কোনো পরিবর্তন হবে না। কে মাঠ গোছালো আর কে গোছালো না এটা আমার বিষয় নয়। আমরা জনগণের দাবি নিয়ে এগোচ্ছি।' তিনি আরও বলেন, 'দীর্ঘ ১৭ বছর সুষ্ঠু নির্বাচন হয়নি। তাই জনগণের দাবিও ছিল স্থানীয় সরকার নির্বাচন। আমরা তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত উভয় নির্বাচনের প্রস্তুতি চালিয়ে যাচ্ছি।'

# আগস্টে রেমিট্যান্স এলো ২৪২ কোটি ডলার

সূর্যোদয় প্রতিবেদন

সদ্য বিদায়ী আগস্ট মাসে দেশে রেমিট্যান্স এসেছে ২৪২ কোটি ২০ লাখ মার্কিন ডলার। এই হিসাবে প্রতিদিন গড়ে দেশে এসেছে ৭ কোটি ৮১ লাখ ডলার রেমিট্যান্স। সোমবার বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, গত আগস্টে দেশে রেমিট্যান্স এসেছে ২৪২ কোটি ২০ লাখ ডলার। আর গত বছরের একই সময়ে এসেছিল ২২২ কোটি ৪০ লাখ ডলার। বছর ব্যবধানে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে ৮ দশমিক ৯০ শতাংশ। এছাড়া গত ৩১ আগস্ট এক দিনে প্রবাসীরা দেশে ১৯ কোটি ৩০ লাখ ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন জানিয়ে তিনি বলেন, চলতি অর্থবছরের জুলাই থেকে আগস্ট পর্যন্ত দেশে এসেছে ৪৯০ কোটি ডলার রেমিট্যান্স। বছর ব্যবধানে যা বেড়েছে ১৮ দশমিক ৪০ শতাংশ। উল্লেখ্য, গত ২০২৪-২৫ অর্থবছর জুড়ে দেশে প্রবাসীরা পাঠিয়েছেন ৩০ দশমিক ৩২ বিলিয়ন বা ৩ হাজার ৩২ কোটি ৮০ লাখ মার্কিন ডলার রেমিট্যান্স, যা দেশের ইতিহাসে কোনো নির্দিষ্ট অর্থবছরে সর্বোচ্চ প্রবাসী আয়ের রেকর্ড।

# বিপিএলে ইভেন্ট ম্যানেজমেন্টের দায়িত্ব পেল যুক্তরাষ্ট্রের কোম্পানি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) পরিচালনার দায়িত্ব ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির হাতে দেওয়া হতে পারে বলে আগে থেকেই গুঞ্জন ছিল। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এ জন্য বিজ্ঞাপন দিয়ে আগ্রহী প্রতিষ্ঠান খুঁজছিল। অবশেষে বিদেশি কোম্পানির হাতেই যাচ্ছে বিপিএল পরিচালনার দায়িত্ব। নানা প্রক্রিয়া শেষে তিন মৌসুমের জন্য বিপিএলের দায়িত্ব পেতে যাচ্ছে যুক্তরাষ্ট্রভিত্তিক স্পোর্টস ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান 'আইএমজি।' এর আগে বিসিবির বিজ্ঞাপনে সাড়া দিয়ে ভারতের রিয়াল ইমপ্যাক্ট, পাকিস্তানের অ্যাপেক্স স্পোর্টস, যুক্তরাষ্ট্রের আইএমজি ও অ্যাবসুলেট লেজেন্ডস স্পোর্টস, আমেরিকা ও বাংলাদেশি প্রতিষ্ঠান আইপিজি গ্রুপ, মাইন্ড ট্রি লিমিটেড এবং ট্র্যান্সপোর্ট গ্রুপসহ মোট সাতটি প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করেছিল। মাসখানেক আগে পাঁচটি প্রতিষ্ঠানের প্রেজেন্টেশন নেওয়ার পর সবশেষ তিনটি প্রতিষ্ঠান বিসিবির সংক্ষিপ্ত তালিকায় জায়গা পায়। এ নিয়ে গণমাধ্যমের মুখোমুখি হয়ে বিসিবির মিডিয়া কমিটির চেয়ারম্যান ইফতেখার রহমান মিঠু বলছিলেন, 'আমরা মিটিংয়ে অনেক আলোচনা করেছি তবে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য আরও দুই-তিন দিন সময় লাগবে।' অবশেষে সোমবার বিসিবির বোর্ড মিটিংয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির বিষয়টি চূড়ান্ত হয়েছে। জানা গেল আসন্ন বিপিএলে ইভেন্ট ম্যানেজমেন্ট হিসেবে যুক্ত হচ্ছে যুক্তরাষ্ট্রের আএমজি কোম্পানি। তিন মৌসুমের চুক্তিতে বিসিবির সঙ্গে যোগ দিচ্ছে আইপিএলেও ইভেন্ট ম্যানেজমেন্টের কাজ করা মার্কিন কোম্পানিটি।
অবশ্য আইএমজি তিন বছরের জন্য বিপিএলের ইভেন্ট ম্যানেজমেন্টের দায়িত্ব পেলেও বিসিবির সাথে তাদের কত টাকায় রফা হলো, এই ইভেন্ট ম্যানেজমেন্ট বাবদ আইএমজি কত অর্থ পাবে? বিসিবিকে কত টাকা দিতে হবে? তা এখনো খোলাসা করা হয়নি।

# আফগানিস্তানে ভয়াবহ ভূমিকম্প: নিহত ৮০০

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের পূর্বাঞ্চলে ভয়াবহ ভূমিকম্পে মৃতের সংখ্যা দ্রুতই বেড়ে কমপক্ষে ৮০০ জনে পৌঁছেছে। আহত হয়েছেন আরও প্রায় আড়াই হাজার মানুষ। দেশটির কুনার প্রদেশে সবচেয়ে বেশি প্রাণহানি ঘটেছে। ধ্বংসস্তূপের নিচে এখনও শত শত মানুষ চাপা পড়ে আছেন বলে আশঙ্কা করা হচ্ছে। রবিবার (৩১ আগস্ট) গভীর রাতে স্থানীয় সময় প্রায় পৌনে ১২টার দিকে শক্তিশালী এই ভূমিকম্প আঘাত হানে। সোমবার (১ সেপ্টেম্বর) এ তথ্য জানায় আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরা। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস জানায়, ভূমিকম্পটি সংঘটিত হয় আফগানিস্তানের হিন্দুকুশ পাহাড়ি এলাকায়, পাকিস্তান সীমান্তের কাছে। কেন্দ্রস্থল ছিল রাজধানী কাবুল থেকে উত্তর-পূর্ব দিকে জালালাবাদ শহরের প্রায় ৪২ কিলোমিটার দূরে। ভূমিকম্পের গভীরতা ছিল মাটির মাত্র ১০ কিলোমিটার নিচে, যা তুলনামূলকভাবে অগভীর হওয়ায় ক্ষয়ক্ষতি বেশি হয়েছে। আফগান সরকারের মুখপাত্র মৌলভি জাবিহুল্লাহ মুজাহিদ সোমবার এক সংবাদ সম্মেলনে জানান, উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে। তিনি সতর্ক করে বলেন, মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। কুনার প্রদেশে ব্যাপকভাবে ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, বহু মানুষ ধ্বংসস্তূপে চাপা পড়ে আছেন। স্থানীয় প্রশাসন, তালেবান সরকারের উদ্ধারকর্মী এবং আন্তর্জাতিক সংস্থাগুলো যৌথভাবে উদ্ধারকাজ চালাচ্ছে।
আফগানিস্তানে অবস্থিত জাতিসংঘ কার্যালয় (ইউএনএএমএ) এক বিবৃতিতে গভীর শোক প্রকাশ করেছে। তারা জানিয়েছে, ক্ষতিগ্রস্ত এলাকায় জরুরি সহায়তা পৌঁছে দেওয়া হচ্ছে। জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে ক্ষতিগ্রস্ত আফগানদের প্রতি সহমর্মিতা প্রকাশ করেন। তিনি লেখেন "আফগানিস্তানের মানুষের পাশে আছি। নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করছি।" ভূমিকম্প-প্রবণ আফগানিস্তানে বহু বছর ধরে যুদ্ধ ও দারিদ্র্যের কারণে অবকাঠামো ভঙ্গুর হয়ে পড়েছে। ফলে প্রাকৃতিক দুর্যোগে ভয়াবহ প্রাণহানির ঘটনা প্রায়ই ঘটে। বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন, ধ্বংসস্তূপ সরাতে দীর্ঘ সময় লাগতে পারে এবং তাতে মৃতের সংখ্যা আরও বাড়বে। ভয়াবহ এই ভূমিকম্প আবারও প্রমাণ করল, আফগানিস্তান এখনো দুর্বল অবকাঠামো, সীমিত চিকিৎসা সুবিধা ও জরুরি সেবার সংকটে ভুগছে। আন্তর্জাতিক সহায়তা ছাড়া এ সংকট মোকাবিলা করা দেশটির জন্য কঠিন হয়ে উঠবে।

# মোদি-পুতিনকে সঙ্গে নিয়ে নতুন বিশ্বব্যবস্থার প্রচারে শি জিনপিং

সূর্যোদয় প্রতিবেদন

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং পশ্চিমা প্রভাবের বাইরে নতুন এক বিশ্বব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। সাংহাই সহযোগিতা সংস্থার (এসসিও) শীর্ষ সম্মেলনে যোগ দেওয়া বিশ্বনেতাদের উদ্দেশে তিনি বলেছেন, চীন একটি স্থিতিশীল শক্তি হিসেবে শান্তি রক্ষা করবে এবং উন্নয়নশীল বিশ্বের নেতৃত্বে ভূমিকা রাখবে। রোববার উত্তরাঞ্চলীয় শহর তিয়ানজিনে শুরু হওয়া সম্মেলনের প্রথম দিনে শি জিনপিং আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতা রক্ষায় এসসিওকে আরও বড় ভূমিকা পালনের আহ্বান জানান। সম্মেলনের ফাঁকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে তার বৈঠক হয়। সেখানে দুই নেতা আন্তর্জাতিক ব্যবস্থাকে বহুমুখী করার ওপর জোর দেন। অর্থাৎ ক্ষমতা যেন শুধু যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের হাতে কেন্দ্রীভূত না থাকে। শি জিনপিং মোদিকে উদ্দেশ করে বলেন, "আজকের দুনিয়া শতাব্দীতে একবার ঘটে এমন বড় পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। আমাদের সঠিক সিদ্ধান্ত হলো একজন আরেকজনের ভালো প্রতিবেশী, বন্ধু ও সাফল্যের অংশীদার হওয়া। ড্রাগন ও হাতি যদি প্রতিদ্বন্দ্বী না হয়ে অংশীদার হিসেবে এগিয়ে যায়, তাহলে সম্পর্ক দীর্ঘ মেয়াদে স্থিতিশীল থাকবে।"